Sherpur, Khagrachari and Tangail . Also, the installation and commissioning of all oxygen equipment will support easy access to safe oxygen therapy, thereby reducing newborn and child death due to hypoxemia or morbidly like blindness, brain cell damage etc.



Oxygen Equipment

অর্থাৎ হাইপোক্সিক। এটি দ্রুত চিহ্নিত করা গেলে এবং অক্সিজেন থেরাপি দেয়া হলে পরবর্তীতে এসব শিশুদের স্বাস্থ্য ভালো থাকে। ভুল মাত্রায় অক্সিজেন থেরাপি অক্সিজেনের অসংগত ব্যবহারেও নবজাতক, বিশেষ করে আগে আগে জন্ম নেয়া নবজাতকের হাইপোক্সিয়া বা হাইপোক্সেমিয়া ব্যবস্থাপনায় আরও জটিলতর অবস্থা ডেকে আনে যেমন, আরওপি, ফুসফুস ও মস্তিষ্কের ক্ষতি ইত্যাদি।

ইউনিসেফের এই উদ্যোগটি শিশু এবং ছোট ও অসুস্থ নবজাতকের মানসম্মত সেবা দানের জন্য কৌশলপত্র ও দক্ষতা উন্নয়নে পালস অক্সিমিটার দ্বারা অক্সিজেন স্যাচুরেশনের সঠিক অবস্থা চিহ্নিতকরণ ও শিশুদের স্বাস্থ্য সেবায় সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে পাইপলাইনের মাধ্যমে অক্সিজেন ঘনীকরণ যন্ত্র বা সিপিপি সাহায্যপুষ্ট সিলিন্ডার এর মাধ্যমে অক্সিজেন সরবরাহ করার মধ্য দিয়ে হাইপোক্সিয়া ব্যবস্থাপনার জন্য দশটি জেলা ভোলা, বরগুনা, বগুড়া, চট্টগ্রাম, গাইবান্ধা,



Baby in SCANU

Image Source: UNICEF Bangladesh

কিশোরগঞ্জ, নারায়ণগঞ্জ, শেরপুর, খাগড়াছড়ি ও টাঙ্গাইলের ৬৪টি সেবাকেন্দ্রে যেমনটা বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং ইউনিসেফ মানসম্মত সেবা দানের ক্ষেত্রে দেখতে চায় সেটা অর্জন করতে সহায়তা করবে। এছাড়াও এটি অক্সিজেন সরঞ্জামাদি স্থাপন ও বিনিয়োগে নিরাপদ অক্সিজেন সরবরাহে সাহায্য করবে যার ফলে হাইপোক্সেমিয়া, অন্ধত্ব অথবা মস্তিষ্কের কোষ ক্ষতিগ্রস্ত হবার কারণে নবজাতক ও শিশু মৃত্যুর হার কমিয়ে আনতে সাহায্য করবে।



Encouraging Results from COVID-19 Vaccination in Bangladesh

A study is being jointly conducted by IEDCR and iccdr,b on the presence of antibody against COVID-19 on 6300 people who got vaccinated by Oxford-AstraZeneca (Covisheild) since 7th February 2021. Preliminary results on 120 vaccinated persons show the presence of antibody among 92% after 1 month, rising to 97% after 2 months of 1st dose. Antibody was observed in all age groups, and was not related to other co-morbidities. People having a history of COVID-19 infection had a 4-fold increased presence of antibody. This strongly suggests that antibody against COVID-19 is developing satisfactorily in the Bangladeshi population who are receiving vaccines. Further analysis of the ongoing study will hopefully provide us with encouraging updates on the precise situation.

বাংলাদেশের কোভিড-১৯ টিকা গ্রহণকারীদের উপর গবেষণায় সন্তোষজনক ফলাফল

বাংলাদেশে ০৭/০২/২০২১ থেকে অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার টিকা (কোভিশিল্ড) দেওয়া শুরু করার পর থেকে আইইডিসিআর ও আইসিডিডিআর,বি যৌথভাবে টিকা গ্রহণকারী ৬৩০০ মানুষের রক্তে কোভিড-১৯ অ্যান্টিবডি উপস্থিতি সংক্রান্ত গবেষণা পরিচালনা করছে। প্রথম ডোজ টিকা গ্রহণকারী ১২০ জন হতে প্রাপ্ত প্রাথমিক ফলাফলে দেখা যায় টিকা গ্রহণের ১ মাস পর ৯২% ও ২ মাস পর ৯৭%-এর শরীরে অ্যান্টিবডি তৈরী হয়েছে। সকল বয়সের টিকা গ্রহীতার শরীরেই অ্যান্টিবডি উপস্থিতি পাওয়া গেছে। অন্যান্য অসুস্থতা থাকা না থাকার সাথে অ্যান্টিবডি উপস্থিতির কোন পার্থক্য লক্ষ্য করা যায়নি। এদের মধ্যে যাদের কোভিডে আক্রান্ত হবার ইতিহাস রয়েছে তাদের শরীরে ৪ গুণ বেশী অ্যান্টিবডি তৈরী হয়েছে। এতে প্রতীয়মান হয় যে, বাংলাদেশীদের মধ্যে টিকা গ্রহণের পর কোভিড-১৯ এর অ্যান্টিবডি সন্তোষজনক হারে তৈরী হচ্ছে। চলমান গবেষণার মাধ্যমে ভবিষ্যতে এই সংক্রান্ত আরো আশাব্যঞ্জক হালনাগাদ তথ্য পাওয়া যেতে পারে।

Community Acquired Pneumonia in Bangladeshi Under-Five Children and its Associated Risk Factors

Dr. Chaman Ara, Rajshahi Medical College.
Email: drchaman15@gmail.com

Community Acquired Pneumonia (CAP) is a significant cause of respiratory morbidity and mortality in children, especially in developing countries¹. Community-acquired pneumonia or CAP is described as a lower respiratory tract infection occurring in children who have not resided in a hospital or health care facility in the preceding 14 days². Children living in remote regions where poverty and hunger are severe are the most susceptible^{3,4}. Although child deaths have declined globally over the last two decades, CAP has remained the world's leading cause of death among children under the age of five^{5,6}.

The quality in terms of evidence and the strength of the association between different

factors (total 19) and severe acute lower respiratory tract infection in <5 children were evaluated in a recent meta analytic systemic review study⁷. This review study found seven risk factors to be significantly associated with respiratory infections. Those factors are, low birth weight, under nutrition, household air pollution, human immunodeficiency virus (HIV) infection, non-exclusive breastfeeding, household crowding and incomplete immunization⁸.

To ascertain the risk factors associated with CAP, a case-control study was conducted between January 2017 to December 2018 among the under-five children (2-59 months) in the department of Pediatrics and EPI center of Rajshahi Medical College Hospital,

RMCH (a tertiary level hospital). A purposive sampling was done on 123 cases and 123 controls. Children suffering from CAP were selected from the inpatient department of Paediatrics of RMCH as cases, while 2-59 months children (not suffering from CAP) were selected from the Paediatrics Out Patient Department & EPI center of RMCH as control.

An attempt was made to find associations between the occurrence of CAP and its risk factors, particularly in the context of Bangladesh. In this study, socioeconomic, environmental, nutritional and other predisposing factors were looked into. Poor socioeconomic status, and literacy status of father were found to be highly correlated, although the literacy status of mothers were not found to be related. Amongst the

কমিউনিটি থেকে আক্রান্ত নিউমোনিয়ায় ও বছরের কম বয়সী বাংলাদেশি শিশু এবং সংশ্লিষ্ট ঝুঁকি সমূহ

ডা. চমন আরা, রাজশাহী মেডিকেল কলেজ

উন্নয়নশীল দেশগুলোতে শিশুর শ্বাসতন্ত্রজনিত অসুস্থতা বা মৃত্যুর একটি উল্লেখযোগ্য কারণ স্থানীয়ভাবে বা লোকালয়ের মধ্যে থেকেই শিশুদের আক্রমণকারী নিউমোনিয়া (সিএপি)। সিএপি কে সংজ্ঞায়িত করা হয় এভাবে, গত ১৪ দিনের মাঝে যে শিশু, কোন হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি থাকেনি কিন্তু শ্বাসতন্ত্রের নীচের অংশ সংক্রমিত হয়েছে। প্রত্যন্ত অঞ্চলের শিশু যেখানে ক্ষুধা ও দারিদ্র প্রকট তারাই সবচাইতে বেশী ঝুঁকিতে রয়েছে। যদিও বিশ্বজুড়ে গত দুই দশকে শিশুমৃত্যু কমেছে কিন্তু ৫ বছরের কম বয়সী শিশুদের মৃত্যুর প্রধানতম কারণ এখনো সিএপি।

প্রমাণ নির্ভর মান এবং নিম্ন শ্বাসতন্ত্রের মারাত্মক তীব্র সংক্রমণের সাথে ১৯টি ঝুঁকিপূর্ণ ফ্যাক্টরের সংশ্লিষ্টতার শক্তি বিশ্লেষণার্থে একটি সাম্প্রতিক মেটা

এনালাইসিস ভিত্তিক সিস্টেমিক রিভিউ গবেষণাপত্র বলছে ৫ বছরের কম বয়সী শিশুদের সিএপি হবার সাথে ৭ টি ফ্যাক্টর যথা- কম ওজনে জন্ম নেওয়া, অপুষ্টি, আবাসস্থলে দূষিত বায়ু, এইচআইভি সংক্রমণ, অপরিষ্কার মাতৃদুগ্ধ পান, ঘরের মধ্যে গাদাগাদি এবং অসম্পূর্ণ টিকাদান- খুবই উল্লেখযোগ্য হারে সংশ্লিষ্ট।

সিএপি এর সাথে সংশ্লিষ্ট ঝুঁকিগুলো নির্ণয়ের উদ্দেশ্যে একটি সর্বোচ্চ সুযোগ সুবিধা সম্পন্ন উচ্চ পর্যায়ের হাসপাতাল (টারশিয়ারী), রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের শিশুবিভাগ ও ইপিআই কেন্দ্রে ২০১৭ এর জানুয়ারী থেকে ২০১৮ এর ডিসেম্বর পর্যন্ত পাঁচ বছরের কম বয়সী (২-৫৯ মাস) শিশুদের মাঝে একটি কেস কন্ট্রোল গবেষণা পরিচালিত হয়। উদ্দেশ্যপূর্ণ ভাবেই ১২৩ জনকে কেস ও ১২৩ জনকে কন্ট্রোল নমুনা

হিসেবে নির্বাচিত করা হয়। রাজশাহী মেডিকেল কলেজের শিশু অন্তর্বিভাগ থেকে কেস হিসেবে সিএপিতে আক্রান্ত শিশুদের নির্বাচিত করা হয় এবং একই হাসপাতালের বর্হিবিভাগ ও ইপিআই কেন্দ্রে থেকে বর্হিবিভাগের সিএপি নাই এমন শিশুদের কন্ট্রোল হিসেবে নির্বাচিত করা হয়।

এই গবেষণায় সিএপি সংক্রমণ এবং এর ঝুঁকিপূর্ণ ফ্যাক্টরসমূহ বিশেষ করে বাংলাদেশের প্রেক্ষিতে এদের মাঝে সংশ্লিষ্টতা খুঁজে দেখার প্রয়াস নেয়া হয়েছে। এই গবেষণায় আর্থসামাজিক, পারিবেশিক, পৌষ্টিক এবং অন্যান্য রোগ প্রবণতার কারণগুলো অনুসন্ধান করা হয়েছে। দরিদ্র আর্থসামাজিক অবস্থা এবং পিতার শিক্ষাগত যোগ্যতা এই রোগের সাথে উচ্চমাত্রায় সম্পর্কিত হলেও মায়ের শিক্ষাগত যোগ্যতা তেমন ভাবে সম্পর্কিত নয়। পরিবেশগত

environmental factors, tobacco smoking of parents, overcrowding, exposure to cold and humidity, and indoor air pollution were found to be positively related to the occurrence of CAP. Poor nutritional status were found to play an important role, the most significant being the presence of malnutrition, anemia, lack of exclusive breast feeding, and prematurity including those having a low birth weight. Past history of diarrhea also was positively associated with the presence of CAP.

Community Acquired Pneumonia is a concern in our younger pediatric group. As many of the factors found responsible for CAP are modifiable and preventable, family members and trained specialists can play significant roles to reduce CAP occurrence through health promotion, preventive activities and effective child health programs. Proper assessment of these risk factors and controlling them may help

decrease the morbidity and mortality in under-five children suffering from CAP in Bangladesh and thereby help in improving the quality of life of our future generation. The incidence of CAP could be reduced by improving the nutritional status and taking steps to identify and rehabilitate those children whose weight is faltering or falling, promote the knowledge and practice of mothers about proper care of their children. Reduced exposure to smoke needs to be promoted by introducing more efficient and less polluting stoves, keeping children away from smoky environments and discouraging parental smoking.

Acknowledgement:

This study is a part of the MD thesis work and the author remains ever grateful to Dr. Shahida Yeasmin, MBBS, MD(Pediatrics), Associate Professor, Department of Pediatrics, Rajshahi Medical College, Rajshahi and Prof. Md. Sanaul Haque, MBBS, FCPS(Pediatrics), Ex-Professor and Head of the Department of

Pediatrics, Rajshahi Medical College, Rajshahi for their constant encouragement and supervision in the work.




Image Source: google.com

References:

1. Mulholland, EK, Simoes, EA, Costales, MO, McGrath, EJ, Manalac, EM, Gove, S 1992, 'Standardized diagnosis of pneumonia in developing countries', *The Pediatric Infectious Disease Journal*, vol.11,no.2, pp.77-81.
2. Bartlett, JG, Dowell, SF, Mandell, LA 2000, 'Practice guidelines for the management of community-acquired pneumonia in adults', *Clinical Infectious Diseases*, vol .31, no. 2, pp. 347-82.
3. Nair, H, Simões, EA, Rudan, I, Gessner, BD, Azziz-Baumgartner, E, Zhang, JS 2013, 'Global and regional burden of hospital admissions for severe acute lower respiratory infections in young children in 2010: a systematic analysis', *Lancet*, vol.381, pp.1380-90.
4. Williams, BG, Gouws, E, Boschi-Pinto, C, Bryce J, Dye, C 2002, 'Estimates of world-wide distribution of child deaths from acute respiratory infections', *Lancet Infectious Disease*, vol. 2, pp. 25-32.
5. Walker, CL, Rudan, I, Liu, L, Nair, H, Theodoratou, E, Bhutta, ZA 2013, 'Global burden of childhood pneumonia and diarrhoea', *Lancet*, vol.381, pp .1405-16.
6. Wardlaw, T, You, D, Hug, L, Amouzou, A, Newby, H 2014, *UNICEF Report: enormous progress in child survival but greater focus on newborns urgently needed*. *Reprod Health* 11: 82.
7. Jackson, S, Mathews, KH, Pulanić, D, Falconer, R, Rudan, I, Campbell, H 2013, 'Risk factors for severe acute lower respiratory infections in children: a systematic review and meta-analysis', *Croatian Medical Journal*, vol.54, pp.110-21.
8. Fonseca Lima, EJ, Mello, MJG, Albuquerque, M F P M, Lopes, M I L, Serra, GHC, Lima, DEP, Correia, BJ 2016, 'Risk factors for community-acquired pneumonia in children under five years of age in the post-pneumococcal conjugate vaccine era in Brazil: a case control study', *BMC Pediatrics*, vol.16,no. 157, DOI 10.1186/s12887-016-0695-6.

বাঁকিগুলোর মধ্যে বাবা-মায়ের ধূমপানের অভ্যাস, অতিরিক্ত ঘনবসতি, ঠাণ্ডা ও আর্দ্রতায় বসবাস এবং গৃহের অভ্যন্তরীণ বায়ুদূষণ ইত্যাদির সাথে সিএপি সংক্রমণের সরাসরি সংশ্লিষ্টতা রয়েছে। পুষ্টির ঘাটতি এখানে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সবচেয়ে উল্লেখযোগ্য হলো অপুষ্টি, রক্তস্রাবতা, মাতৃদুগ্ধ পানে ঘাটতি এবং অকালে জন্মগ্রহণ, বিশেষত স্বল্প ওজন নিয়ে জন্মগ্রহণ ইত্যাদি। এছাড়া ডায়রিয়ার পূর্ব ইতিহাস সিএপি সংক্রমণের সাথে সম্পৃক্ত।

সিএপি আমাদের ছোট শিশুদের জন্য একটি উদ্ভিগ্নতার কারণ। যেহেতু সিএপি-এর পেছনের কারণসমূহের অনেকগুলোই পরিবর্তনযোগ্য ও প্রতিরোধযোগ্য, তাই পরিবারের সদস্য এবং প্রশিক্ষিত দক্ষ কর্মীবৃন্দ, স্বাস্থ্য প্রচারণা, প্রতিরোধমূলক কার্যক্রম এবং কার্যকরী শিশুস্বাস্থ্য কর্মসূচীর মাধ্যমে সিএপি প্রতিরোধে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন। এইসব বাঁকিপূর্ণ ফ্যাক্টরগুলো সঠিকভাবে নির্ণয় ও নিয়ন্ত্রণের

মাধ্যমে বাংলাদেশের ৫ বছরের কম বয়সী সিএপি তে আক্রান্ত শিশুদের অসুস্থতা ও মৃত্যুর কমাতে সাহায্য করবে এবং এর ফলশ্রুতিতে আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জীবনের মান উন্নয়নে সাহায্য করবে।

পুষ্টির উন্নয়ন, যেসব শিশুদের ওজন ঘাটতি আছে বা কমে যাচ্ছে তাদের চিহ্নিত করে অবস্থার উন্নয়নের জন্য পদক্ষেপ গ্রহণ, শিশুদের যত্ন সম্পর্কে মায়ের শিক্ষা ও চর্চার প্রসারের মাধ্যমে সিএপির প্রকোপ কমানো যেতে পারে। শিশুদের খোঁয়ার সংস্পর্শে আসা কমানোর জন্য আরও উন্নত ও কমদূষণকারী চুলার ব্যবহার, বাচ্চাদের খোঁয়াচ্ছন্ন পরিবেশ থেকে দূরে রাখা এবং অভিভাবকদের ধূমপানে নিরুৎসাহিত করা উচিত।

Corona Situation of Children in Bangladesh in 2020

Mahmud Komol, Maasranga Television

Email: mkomol.dimc19@gmail.com

Beginning of the transmission:

In the initial stages of the pandemic period, it was observed that parents, particularly those who had migrant relatives and coming from abroad to Bangladesh were reluctant to disclose the fact that either their children or family members were sick or their family members escaped from the mandatory quarantine. As a result, they had to pay a price. Their family members including children became affected and some died as a consequence of not maintaining proper quarantine and/or isolation.

Although the number of children affected with COVID-19 were less in the beginning, data collected later from Dhaka Shishu Hospital showed that the rate amongst children also increased substantially. A lot of children who tested positive were asymptomatic.

Between 18 to 21 November in the previous year, 71 children out of 127 tested positive which is a staggering 56%. In the same year, 414 out of 3137 were affected from April to 21 November. Sixty three percent of those children were suffering from malnutrition also. A total of 13 of those affected died, although most of them did not show any symptoms. Experts were of the opinion that although children have very little possibility of going outside, they can and do get infected from the adults who carry it from outside.

A research jointly conducted by the Child Health Research Foundation (CHRF) and Dhaka Children Hospital showed that newborn children were also being infected by the COVID-19 virus. Amongst the newborn babies who were admitted between 29 March to 1 July for treatment in that hospital,

26 out of 83 tested positive for Corona Virus. The maximum age of those newborn babies were only 8 days. A large number of those affected newborns did not show any symptoms. In this situation, experts are suggesting that there is a necessity of more extensive research on this matter to understand the actual situation. Kingkor Ghosh (Dhaka Shishu Hospital) said that they were providing uninterrupted treatment in this specialized hospital from the beginning of the COVID-19 outbreak. He also confirmed about most of the children being affected without having any symptoms. Since the available vaccines for COVID-19 are not yet suitable or approved for use in children, the onus lies on the elders to be more conscious in terms of maintaining proper safety measures so that newborns and children remain safe.

২০২০ সালে বাংলাদেশে শিশুদের মাঝে কোভিড সংক্রমণের অবস্থা

মাহমুদ কমল, মাছরাঙ্গা টেলিভিশন

সংক্রমণের শুরু যোভাবে:

দেশে করোনা ভাইরাস সংক্রমণ শনাক্ত হওয়ার শুরুর দিকে দেখা গিয়েছে অনেক বাবা-মা (বিশেষ করে বিদেশ ফেরত বা প্রবাসী আত্মীয় আছে) তাদের সন্তানের বা পরিবারের অন্য সদস্যদের অসুস্থতা সংক্রান্ত অথবা বাধ্যতামূলক কোয়ারেন্টিন ফাঁকি দিয়ে পালিয়ে আসার তথ্য গোপন করেছেন। এসবের খেসারতও তাদের দিতে হয়েছে। কোয়ারেন্টিন কিংবা আইসোলেশন সঠিকভাবে না মানায় পরিবারের সদস্যরা আক্রান্ত হয়েছেন। মারাও গেছেন অনেকে।

সংক্রমণের শুরুর দিকে শিশুদের মধ্যে এই ভাইরাসের সংক্রমণ কম মনে করা হলেও পরবর্তীতে ঢাকা শিশু হাসপাতালের তথ্যে উঠে এসেছে শিশুদেরও করোনা সংক্রমণ হয়েছে উল্লেখযোগ্য হারে। এমনকি কোনো ধরনের উপসর্গ না থাকলেও পরীক্ষা করে দেখা গেছে অনেক শিশুই সংক্রমিত হয়েছে প্রাণঘাতী এই ভাইরাসে।

গেল বছরের ১৮ থেকে ২১ নভেম্বর, ওই চারদিনে মোট ১২৭টি শিশুর নমুনা পরীক্ষা করা হয়েছিল। এর মধ্যে ৭১ জনের শরীরেই পাওয়া গেছে করোনা সংক্রমণ, যা শতকরা হিসেবে প্রায় ৫৬ শতাংশ। আর একই বছরে এপ্রিল থেকে ২১ নভেম্বর পর্যন্ত হাসপাতালটিতে ৩১৩৭টি শিশুর নমুনা পরীক্ষায় ৪১৪ জনের মধ্যে এই সংক্রমণ পাওয়া গেছে। এই শিশুদের প্রায় ৬৩% ভুগছিল অপুষ্টিতেও। এদের মধ্যে ১৩টি শিশু মারা যায় এবং বেশিরভাগ শিশুই ছিল উপসর্গহীন। বিশেষজ্ঞ চিকিৎসকরা বলছেন, যদিও শিশুদের বাইরে যাওয়ার সুযোগ কম, কিন্তু পরিবারের বড় সদস্যরা যারা বাইরে গিয়ে রোগ ঘরে বয়ে আনছেন, তাদের মাধ্যমেই শিশুরা সংক্রমিত হচ্ছে।

চাইল্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশন ও ঢাকা শিশু হাসপাতালের এক যৌথ গবেষণাতেও শিশুদের মধ্যে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব দেখা গেছে। ওই হাসপাতালে ২৯শে মার্চ

থেকে ১ জুলাই পর্যন্ত যে নবজাতকরা চিকিৎসা নেওয়ার জন্য ভর্তি হয়েছিল তাদের মধ্যে ৮৩জন এর নমুনা পরীক্ষা করে ২৬জন শিশুর শরীরে করোনা ভাইরাস শনাক্ত হয়েছিল। এদের সর্বোচ্চ বয়স ছিল মাত্র আট দিন। ওই গবেষণায় দেখা গেছে আক্রান্ত নবজাতকদের বড় অংশই ছিল উপসর্গহীন। এই পরিস্থিতিতে শিশুদের মধ্যে করোনাভাইরাসের প্রভাবের পরিষ্কার চিত্র বুঝতে হলে আরও ব্যাপক পরিসরে গবেষণার প্রয়োজন বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

কিংকর ঘোষ (ঢাকা শিশু হাসপাতাল) বলেছেন, কোভিড-১৯ পরিস্থিতির শুরু থেকেই শিশু হাসপাতালে চিকিৎসা চলেছে নিরবচ্ছিন্নভাবে। তিনি অধিকাংশ শিশুর মাঝে কোভিড-১৯ এর কোন উপসর্গ না পাওয়ার কথা জানান। যেহেতু এখনও শিশুদের করোনা প্রতিরোধী টিকা আবিষ্কার বা কার্যকারিতার ব্যাপারে নিশ্চিত হওয়া যায়নি, তাই স্বাস্থ্যবিধি মানার ক্ষেত্রে এটা ঘরের বড়দেরই দায়িত্ব আরও সতর্ক হওয়া যাতে নবজাতক ও শিশুরা নিরাপদে থাকে।

Can Corona Virus infection spread through children?

University College London and London School of Hygiene and Tropical Medicine have assessed 6332 research papers from all over the world and analyzed that the likelihood of children becoming infected and spreading the virus through them is low. In fact, the paper shows that the chance of being COVID-19 positive from an affected person is 56% less among the children compared to the adults. Furthermore, there are fewer chances of complications among them when they do get infected. Though the children are less prone to be infected but they can spread it.

A research on 31 clusters by the same group showed that children did spread the virus in only 3 of them. In other words, the rate of infection through children was only 10%. The Director of the Institute of Epidemiology, Disease Control and Research, Prof. Dr. Tahmina Shirin mentioned that as the

symptoms in children are less, the chances of getting severe or complicated infections from them tends to be less.

However, it is not easy to know when a child gets infected because they often cannot express their problems properly. So, if the parents suspect anything, they should consult a doctor as soon as possible.

It is very important to inform children about cleanliness:

Experts keep on suggesting to ensure and maintain proper hygiene to be safe for self and others. Even after getting vaccinated health rules must be followed. Despite the schools remaining closed we are getting accustomed with a new normal life, shopping malls, shops, tourist places are getting crowded. The adults as well as the children are going out now. So, both needs to follow good hygiene practices. Elders of the house need to keep a watch on whether their children are maintaining the practice to

wash and sanitize their hands as well as maintain the proper etiquette while they sneeze or cough.

They also need to be informed and trained on what part of the body can or cannot be touched, where not to go, not to scatter things around, what to eat more and what measures to be taken frequently. Training can be given if needed.

Last Words:

Finally, we can say that, government, health division, secretariats and the public need to equally do their part regarding the situation. Because no one can guarantee about another wave of the pandemic in the near future when it needs to be faced nationally and globally.

** All the information in this article are relevant up to 30th November 2020

শিশুদের মাধ্যমে কি করোনা ভাইরাস ছড়াতে পারে?

ইউনিভার্সিটি কলেজ লন্ডন এবং লন্ডন স্কুল অব হাইজিন অ্যান্ড ট্রপিক্যাল মেডিসিন শিশুদের করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ার সম্ভাবনা এবং তাদের মাধ্যমে ভাইরাসটি ছড়িয়ে পড়া নিয়ে পুরো বিশ্বের ৬৩৩২টি গবেষণা মূল্যায়ন করে দেখেছে করোনা ভাইরাসে আক্রান্ত কোন ব্যক্তির সংস্পর্শে আসলে প্রাপ্তবয়স্ক কোন ব্যক্তির তুলনায় শিশুদের আক্রান্ত হওয়ার ঝুঁকি ৫৬% কম। এছাড়া করোনা ভাইরাসে আক্রান্ত হলেও মারাত্মক অসুস্থ হওয়া বা মারা যাওয়ার ঝুঁকি শিশুদের কম থাকে। শিশুদের মধ্যে সংক্রমণের হার কম হলেও তারা বাহক হিসেবে ভাইরাসের বিস্তার ঘটাতে পারে।

একই গবেষণক দলের ভাইরাস সংক্রমণের ৩১ টি ক্লাস্টারের ওপর চালানো আরেক গবেষণায় দেখা যায় যে মাত্র তিনটি ক্লাস্টারে সংক্রমণ শিশুদের থেকে হয়েছে অর্থাৎ শিশুদের থেকে সংক্রমণ ছড়ানোর হার ১০%। স্বাস্থ্য অধিদপ্তরের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক

ডা. তাহমিনা শিরীন বলেছেন, শিশুদের উপসর্গ যেহেতু কম তাই তাদের মাধ্যমে তীব্র ও জটিল সংক্রমণের সম্ভাবনাও কম।

তবে শিশুদের মধ্যে সংক্রমণ ঘটলে তা বোঝা কঠিন। কারণ তারা তাদের সমস্যাগুলো অতটা গুছিয়ে বলতে পারেনা। তাই কোন বাবা-মা যদি কোনো কারণে সন্দেহ পোষণ করেন তবে চিকিৎসকের শরণাপন্ন হওয়া সবচেয়ে নিরাপদ।

পরিষ্কার-পরিচ্ছন্নতা সম্পর্কে শিশুদের জানানো অত্যন্ত জরুরীঃ

নিজে এবং অন্যকে সংক্রমণের হাত থেকে রক্ষা করতে স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দিয়ে চলেছেন বিশেষজ্ঞরা। টিকা নিলেও স্বাস্থ্যবিধি মানতে হবে সবাইকে। স্কুল না খুললেও যেহেতু ধীরে ধীরে সবাই নতুন স্বাভাবিক জীবনে অভ্যস্ত হয়ে যাচ্ছে তাই শপিংমল, দোকান, বেড়াতে যাওয়ার স্থানগুলোতে ধীরে ধীরে ভীড় বাড়ছে। বড়দের পাশাপাশি শিশুরাও এখন ঘরের বাইরে বের হচ্ছে। তাই বড়দের স্বাস্থ্য বিধি মানার সঙ্গে শিশুদেরও সেগুলো মেনে চলার পরামর্শ দিতে

হবে। বাসার বড়দের লক্ষ্য রাখতে হবে যে শিশুরা যেন তাদের হাত ধোয়ার এবং স্যানিটাইজার অভ্যাস ধরে রাখে, হাঁচি-কাশির শিষ্টাচার মেনে চলে।

শিশুদের জানাতে হবে শরীরের কোথায় কোথায় হাত দেয়া যাবে না, প্রয়োজনীয় জিনিস যেন তেন ভাবে ফেলে রাখা যাবে না, কোথায় যাওয়া যাবে না, কি কি খাবার বেশি খেতে হবে, কোন কোন কাজ বেশি করতে হবে ইত্যাদি। প্রয়োজনে প্রশিক্ষণ দিতে হবে।

শেষ কথা :

সবশেষে বলা যায় করোনা নিয়ন্ত্রণে দেশের সরকার স্বাস্থ্য বিভাগসহ প্রত্যেকটি দপ্তর এবং প্রতিটি জনগণকে দায়িত্বশীল ভূমিকা সমান ভাবে পালন করতে হবে কারণ অদূর ভবিষ্যতে এই রোগের নতুন ঢেউ বা এ ধরনের সংক্রামক রোগের নতুন আক্রমণকে স্থানীয় কিংবা বৈশ্বিকভাবে যে আবার মোকাবেলা করতে হবে না তার নিশ্চয়তা কেউই দিতে পারবে না।

** এই প্রবন্ধের সকল তথ্য ৩০ নভেম্বর ২০২০ পর্যন্ত সমসাময়িক।

Child Injury in Bangladesh

Dr. Nawroz Afreen

National Institute of Ophthalmology and Hospital

Attached to Institute of Epidemiology, Disease Control and Research (IEDCR)

Email: nasoumee@gmail.com

Injury is drawing global attention as a rising public health problem as it claims 9% of global mortality annually.¹

This translates to more than 14,000 deaths a day¹ with estimated dozens of hospitalizations, hundreds of emergency encounters and thousands of doctor's appointments for a single death. Injury affects all age groups, particularly young people and working age groups. Throughout the world, in 2012, road traffic accidents, drowning and fire related burns caused deaths of 83,604, 74,712 and 41,575 children in the 5-14 year age group respectively.¹ The rate of child death from injury in low and middle income countries is five times higher than high income

countries^{2,3}.

According to Bangladesh Health and Injury Survey 2016, out of all causes, 3.2% of infant deaths, 52.6% of 1-4 year age group, 42.1% of 5-9 year, 56.9% of 10-14 year and 60.7% of 15-17 year were due to injury, showing an increased frequency of injury-deaths in older children.

Drowning (25.7/100,000) is identified as the leading cause of fatal injuries in children, followed by road traffic injuries, electrocution, falls, violence and burns. Regarding injury morbidity in children, 5-9 year age group was the highest affected⁴.

Being dependents, children are more prone to injury than adults. The age and sex of child, age, education and occupation of mothers, outdoor working mothers, family type, family income, adult supervision and many other demographic and socio-economic factors determine the risk⁵⁻¹⁰. In addition, children are also exposed to readily available environmental hazards e.g. crowded living without enough space for safe play, lack of separate kitchens along with the presence of open fire; unsafe houses having unguarded windows, roofs,



শিশুদের জন্য দুর্ঘটনার ঝুঁকিসমূহ

বাংলাদেশে দুর্ঘটনায় হতাহত শিশু

ডা. নওরোজ আফরিন, আইইডিসিআর

বিশ্বব্যাপী দুর্ঘটনায় আহত হবার ঘটনা উদীয়মান জনস্বাস্থ্য সমস্যা হিসেবে সবার দৃষ্টি আকর্ষণ করছে কারণ বিশ্বে বছরে মোট মৃত্যুবরণের ৯ শতাংশই আহত হবার কারণে ঘটে।

বিশ্লেষণে দেখা যায়, প্রতিদিনে ১৪,০০০ মৃত্যুর মাঝে কয়েক ডজন হাসপাতালে ভর্তি হয়ে, কয়েকশত জরুরী ব্যবস্থার আওতায় আনার পর আর কয়েক হাজার ডাক্তারের শরণাপন্ন হওয়ার পর মারা যান। এই হতাহত হবার ঘটনা সব বয়সীদের ওপরই প্রভাব ফেলে, বিশেষ করে অল্পবয়সী ও কর্মক্ষম বয়সের মানুষের ওপর। ২০১২ সালে বিশ্বব্যাপী ৫-১৪ বছর বয়সী শিশুদের মাঝে সড়ক দুর্ঘটনায় ৮৩৬০৪ জন, ডুবে গিয়ে ৭৪,৭১২ জন এবং অগ্নিকাণ্ডে ৪১,৫৭৫ জন প্রাণ হারায়। দুর্ঘটনাজনিত হতাহতের কারণে শিশু মৃত্যুর হার উচ্চ আয়ের দেশগুলোর চেয়ে

নিম্ন আয়ের দেশগুলোতে ৫ গুণ বেশি।

২০১৬ সালে বাংলাদেশের স্বাস্থ্য ও হতাহত হবার ঘটনার জরিপ থেকে দেখা যায়, সদ্যজাত শিশুমৃত্যুর ৩.২%, ১-৪ বছর বয়সী শিশুমৃত্যুর ৫২.৬%, ৫-৯ বছর বয়সী শিশুমৃত্যুর ৪২.১%, ১০-১৪ বছর বয়সী শিশুমৃত্যুর ৫৬.৯% এবং ১৫-১৭ বছর বয়সীদের মৃত্যুর ৬০.৭% কারণ দুর্ঘটনায় আহত হওয়া, যা থেকে শিশুদের বয়স বৃদ্ধির সাথে এই কারণটিরও উর্ধ্বগতি সহজে বোধগম্য।

পানিতে ডুবে যাওয়া (১০০,০০০ জনে ২৫.৭ জন) শিশু মৃত্যুর সবচেয়ে মারাত্মক কারণ। এরপরেই রয়েছে সড়ক দুর্ঘটনা, বিদ্যুৎস্পৃষ্ট হওয়া, পড়ে যাওয়া, সহিংসতা ও দক্ষ হওয়া। আহত হবার ঘটনা ৫-৯ বছরের শিশুদের

মাঝে সবচেয়ে বেশি দেখা যায়।

নির্ভরশীল হবার কারণে বড়দের চেয়ে ছোটরা অধিক দুর্ঘটনাগ্রবণ হয়ে থাকে। এর পেছনে ঝুঁকি হিসেবে কাজ করে শিশুদের বয়স, লিঙ্গ, মায়ের বয়স, শিক্ষা, ঘরের বাইরে কর্মরত মা, পরিবারের ধরণ, পরিবারের আয়, বড়দের পক্ষ থেকে দেখে শুনে রাখার ব্যবস্থাসহ নানারকম জনতাত্ত্বিক ও আর্থসামাজিক বিষয়। এছাড়াও শিশুরা নানারকম কৃত্রিম সমস্যার মুখোমুখি হয় যেমন, ঘনবসতিপূর্ণ আবাসে খেলাধুলার জায়গার অভাব, উন্মুক্ত আঙুনসহ রান্নাঘর যা মোটেও আলাদা করা নয়, অনিরাপদ ঘরবাড়িতে বেষ্ঠনীহীন জানালা, ছাদ, সিঁড়ি, খোলা জলাধার, সহজলভ্য

stairs; open water containers, easy access to poisonous substances, pesticides and medicines due to unsafe packaging and storage, nearby heavy traffic, all putting the poor children at increased risk of injury^{11,12}.

Unfortunately, most children in Bangladesh grow up in these environments. There exists lack of knowledge of safety and risk avoidance, first aid and access to emergency medical care. In addition, there remains shortage of active preventive services¹³. However, Centre for Injury Prevention and Research, Bangladesh (CIPRB)-a private organization- has been implementing some preventive programs considering the above-mentioned risk factors in few areas of the country. From the government sector, training on injury prevention are ongoing. Besides, the Directorate General of Health Services, in collaboration with IEDCR, has set up a field laboratory at Belabo, Narshingdi for

conducting non-communicable disease surveillance, which includes injury. But, these seem to be inadequate; more approaches need to be considered to prevent children from injury.

References:

1. WHO. *Injuries and Violence the Facts* 2014. publication.
2. UNICEF. *A league table of child deaths by injury in rich nations*. Florence: Unicef Innocenti Research Center; 2001.
3. E. P. *Childhood injuries in the European Union: can epidemiology contribute to their control*. *Acta Paediatr* 2000;89(10):1244-9.
4. *Bangladesh health and injury survey 2016, summary report*. Dhaka, Bangladesh: DGHS of MoHFW, CIPRB; 2016.
5. Atak N, Karaoglu L, Korkmaz Y, Usubutun S. A household survey: unintentional injury frequency and related factors among children under five years in Malatya. *The Turkish journal of pediatrics*. 2010;52(3):285-93.
6. He S, Lunnen JC, Puvanachandra P, Amar S, Zia N, Hyder AA. Global childhood unintentional injury study: multisite surveillance data. *American journal of public health*. 2014;104(3):e79-84.
7. Chaveepojnkamjorn W, Pichainarong N, Pooltawee S. Unintentional injuries among children aged 1-4 years at home. *The Southeast Asian journal of tropical medicine and public health*. 2002;33(3):642-6.
8. Hijar-Medina MC, Tapia-Yanes R, Lopez-Lopez MV, Lozano-Ascencio R. [Mother's work and severity of

- accidental injuries in children]. *Salud publica de Mexico*. 1995;37(3):197-204.
9. Schnitzer PG, Dowd MD, Kruse RL, Morrongiello BA. Supervision and risk of unintentional injury in young children. *Injury prevention : journal of the International Society for Child and Adolescent Injury Prevention*. 2015;21(e1):e63-70.
 10. CDC Child injury report. CDC, USA; 2008.
 11. Peden M. *World report on child injury prevention*: World Health Organization; 2008.
 12. Bhuvaneshwari N, Prasuna JG, Goel MK, Rasania SK. An epidemiological study on home injuries among children of 0-14 years in South Delhi. *Indian J Public Health*. 2018;62(1):4-9.
 13. *Bangladesh Health and Injury Survey, Report on children*. Dhaka, Bangladesh: DGHS MoHFW, ICMH Dhaka, UNICEF, TASC; 2005.

বিষাক্ত দ্রব্য, কীটনাশক ও ওষুধপত্র যেগুলো অনিরাপদ উপায়ে মোড়কজাত ও সংরক্ষণ করা হয় এবং নিকটবর্তী সড়ক যা দরিদ্র শিশুদের দুর্ঘটনায় ফেলার ঝুঁকি বাড়িয়ে দেয়।

দুর্ভাগ্যবশত, বাংলাদেশের বেশিরভাগ শিশুই এই পরিবেশে বেড়ে ওঠে। নিরাপদ ও ঝুঁকি এড়িয়ে চলার জ্ঞানের অভাব এবং প্রাথমিক চিকিৎসাসহ জরুরী স্বাস্থ্যসেবার অভাবও পরিলক্ষিত হয়। অধিকন্তু সরকারের তরফ থেকে প্রতিরোধমূলক সেবাব্যবস্থার ঘাটতিও রয়েছে। তার পরেও ইনজুরি প্রিভেনশন অ্যান্ড রিসার্চ বাংলাদেশ (সিআইপিআরবি) নামের একটি ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান দেশের কিছু এলাকায় উপরে উল্লেখিত ঝুঁকি নিয়ন্ত্রণে কিছু প্রতিরোধমূলক কাজ করে যাচ্ছে। সরকারের পক্ষ থেকে দুর্ঘটনা প্রতিরোধে কিছু প্রশিক্ষণ কাজ চলছে। এছাড়া স্বাস্থ্য

অধিদপ্তর, আইইডিসিআর এর সহযোগিতায় নরসিংদী জেলার বেলাবোতে মাঠ পর্যায়ের একটি গবেষণাগার স্থাপন করেছে। যেখানে দুর্ঘটনাসহ অসংক্রামক রোগের নজরদারি করা হয়। কিন্তু এগুলো নিতান্তই অপ্রতুল। শিশুদের দুর্ঘটনা থেকে বাঁচাতে আরও পদক্ষেপ গ্রহণ করা জরুরি।

IEDCR HOTLINES:



10655

info@iedcr.gov.bd

Advisory Board

Chief of Advisory Board

Prof. Dr. Abul Bashar Mohammad Khurshid Alam
Director General of Health Services (DGHS)

Members

Syed Mojibul Huq
Additional Secretary, Health Services Division
Prof Dr. Meerjady Sabrina Flora
Addl. Director General
(Planning and Development)
Prof Syed Shariful Islam
Bangabandhu Sheikh Mujib Medical University
Dr. Shah Mahfuzur Rahman
Institute of Public Health

Editorial Board

Chairperson

Prof Dr Tahmina Shirin
Institute of Epidemiology Disease
Control & Research (IEDCR)

Editor in Chief

Prof Dr. Mamunar Rashid, IEDCR

Members

Dr. Afreena Mahmood
Planning and Research, DGHS
Prof. Dr. Mijanur Rahman
Management Information System, DGHS
Prof Dr Md Moktel Hossain
Dhaka Medical College
Md Abdul Aziz
Health Education Bureau, DGHS
Dr. Ahmed Nawsher Alam, IEDCR
Dr. M Salim uzzaman, IEDCR
Dr. Mahbubur Rahman, IEDCR
Prof Dr. Mahmudur Rahman
Academician
Dr. Firdausi Qadri, icddr,b
Dr. Michael S Friedman
US CDC - Dhaka

Managing Editor

Dr. Natasha Khurshid, IEDCR

Design & Pre-press Processing

Shohag Datta, IEDCR

Acknowledgement: "This publication, *National Bulletin of Public Health, Bangladesh* was made possible by financial support from the Bloomberg Philanthropies Data for Health Initiative through the CDC Foundation. Its contents are solely the responsibility of the authors and don't necessarily represent the official views of Bloomberg Philanthropies, the CDC Foundation or the U.S. Centers for Disease Control and Prevention."